

Remembering our beloved Mr. Zillur Rahman



A life well lived for his society's cause

Mr. Zillur Rahman, the founding President of Bangladeshi Seniors Club Canberra, passed away peacefully December 6, 2020. Mr. Rahman will be fondly remembered by family and friends as a loving husband and a father and will be remembered by Canberra Bangladeshi Australian community as a vanguard of community service. We the members of the Bangladeshi Seniors Club Canberra offer our sincere condolences to Mr. Rahman's family.

চলে গেলেন জিল্লুর ভাই

দীর্ঘদিনের ক্যানবেরা প্রবাসী জিল্লুর রহমান ভাই চলে গেলেন না ফেরার দেশে। ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাহি রাজিউন। জিল্লুর ভাই ছিলেন একজন নিবেদিত প্রাণ সমাজসেবী। আমার সাথে ছিল তাঁর দীর্ঘদিনের পরিচয়। বহু বছর তিনি ছিলেন ক্যানবেরার বাংলা স্কুলের অধ্যক্ষ। প্রবাসী বাংলাদেশী ছেলেমেয়েদের বাংলাভাষা ও সংস্কৃতির সাথে পরিচয় করিয়ে দেবার জন্য এই স্কুলটি প্রতিষ্ঠা করা হয়েছিলো সেই সত্ত্বরের দশকে। অস্ট্রেলিয়ায় জন্মগ্রহণকারী বাঙ্গালী সন্তানদের মাতৃভাষা শেখানোর জন্য এই স্কুলটির একটি উল্লেখযোগ্য ভূমিকা ছিল। প্রতি রোববার সকালে এই স্কুলের কার্যক্রম পরিচালনা করা হতো। প্রবাসীরা তাদের সন্তানদের এই স্কুলে নিয়ে আসতেন। শিশু-কিশোরদের বাংলা বর্ণমালা শেখানোর পাশাপাশি বাংলা সংস্কৃতির সাথেও পরিচয় করিয়ে দেয়া হতো। একুশে ফেব্রুয়ারি, বিজয় দিবস ইত্যাদি জাতীয় অনুষ্ঠানে এই স্কুলের

ছাত্র-ছাত্রীরা অংশগ্রহণ করতো। এভাবেই নতুন প্রজন্মের শিশু-কিশোরদের মাঝে বাংলা ভাষা এবং সংস্কৃতিকে তুলে ধরা হতো। বিদেশে বসে এ কাজটি করা মোটেই সহজ নয়। কিন্তু জিল্লুর ভাই নিরলস ভাবে বছরের পর বছর এই কাজটি করে গেছেন। অত্যন্ত নিষ্ঠার সাথে তিনি দীর্ঘদিন এই স্কুলের অধ্যক্ষের দায়িত্বটি পালন করেছেন। বাংলা ভাষা ও সংস্কৃতির প্রতি অগাধ ভালোবাসা ও শ্রদ্ধাবোধ এবং সমাজের প্রতি তাঁর দায়বদ্ধতা থেকেই তিনি স্বেচ্ছাসেবী হিসেবে এই কাজটি করে গেছেন। এজন্য তাঁর প্রতি কৃতজ্ঞতা জানাই।

ক্যানবেরা প্রবাসী বয়োজ্যেষ্ঠ বাংলাদেশীদের জন্য তিনি প্রতিষ্ঠিত করেছিলেন, বাংলাদেশি সিনিয়র ক্লাব। প্রবীণ বাংলাদেশীদের একটি মিলন ক্ষেত্র হিসেবে এই ক্লাবটি বেশ কয়েক বছর আগে তার যাত্রা শুরু করেছিলো। জিল্লুর ভাইয়ের গতিশীল নেতৃত্বে কয়েক বছরের মধ্যেই এই ক্লাবটি প্রবীণ প্রবাসী বাংলাদেশীদের মধ্যে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে। এই ক্লাবের বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডের মাধ্যমে ক্লাবের সদস্যরা পরস্পরের সাথে নিয়মিত যোগাযোগ রক্ষা করে চলেছেন।

ক্যানবেরা প্রবাসী বাংলাদেশীদের মাঝে জিল্লুর ভাই ছিলেন একজন অতি পরিচিত প্রিয় মুখ। বাংলাদেশীদের বিভিন্ন সামাজিক অনুষ্ঠানে তিনি অগ্রণী ভূমিকা পালন করতেন। তিনি ছিলেন সকলের শ্রদ্ধার পাত্র।

দীর্ঘদিন রোগ ভোগের পর জিল্লুর ভাই গতকাল ৬ ডিসেম্বর আমাদের ছেড়ে চলে গেছেন। আজ বাদ জোহর জানাযা শেষে তাঁকে ক্যানবেরায় সমাহিত করা হয়েছে। তাঁর জানাযায় বিপুল সংখ্যক বাংলাদেশীদের উপস্থিতি ছিল লক্ষণীয়। পরম করুণাময়ের কাছে তাঁর আত্মার মাগফেরাত কামনা করছি।

Bengali obituary written by Dr. Tanvir Hossain

Photo of Mr. Rahman: Courtesy Mr. Anamul Bhuiyan Mukul